



COOCH BEHAR PANCHANAN BARMA UNIVERSITY
UG NCCF FIRST SEMESTER EXAMINATIONS, 2023

BENGALI

COURSE: MINOR-1

বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ)

PAPER CODE: BNG-MIN1

Time Allotted: 3 Hours

Full Marks: 75

পাঠ্যসংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশ করে।

- ১। নিম্নলিখিত যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর লেখো: ৩×৫ = ১৫
- (ক) বাংলা সাহিত্যের ইতিহাসের প্রাচীন যুগ বলতে কী বোঝায় ?
- (খ) বাংলা সাহিত্যের ইতিহাসের মধ্যযুগের যে-কোনো তিনটি সাহিত্য নিদর্শনের নাম লেখো।
- (গ) বাংলা সাহিত্যের ইতিহাস ও ভাষার ইতিহাসের যুগ বিভাজনের কী সাযুজ্য রয়েছে তা আলোচনা করো।
- (ঘ) চর্যাঙ্গীতির আবিষ্কার ও প্রকাশ সম্পর্কে লেখো।
- (ঙ) 'ধর্মমঙ্গল'কে রাঢ়ের জাতীয় কাব্য বলার কারণ কী ?
- (চ) কোন গ্রন্থকে বাংলায় প্রথম সাল তারিখ যুক্ত রচনা বলে ধরা হয় ? এ সম্পর্কিত পংক্তি দুটি লেখো।
- (ছ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের শেষ ছ'টি খণ্ডের নাম লেখো।
- (জ) পূর্বরাগের সংজ্ঞা দাও।
- (ঝ) তিনজন বাংলা রামায়ণের অনুবাদকের নাম ও তাঁদের গ্রন্থের নাম লেখো।
- (ঞ) আগমনী বলতে কী বোঝায় ?
- ২। নিম্নলিখিত যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর লেখো: ৬×৫ = ৩০
- (ক) 'মঙ্গলকাব্য'র বৈশিষ্ট্যগুলি লেখো।
- (খ) চণ্ডীদাস ও বিদ্যাপতির সাহিত্যকৃতির তুলনামূলক আলোচনা করো।
- (গ) চর্যাঙ্গীতির সঙ্ঘাভাষা বিষয়ে লেখো।
- (ঘ) 'শ্রীকৃষ্ণকীর্তনকাব্য' গ্রন্থের রচনাকাল সম্পর্কে লেখো।
- (ঙ) বৈষ্ণবীয় পঞ্চরসের পরিচয় দাও।
- (চ) টীকা লেখো: চন্দ্রাবতীর রামায়ণ।
- (ছ) টীকা লেখো: কবীন্দ্রবচন সমুচ্চয়।

- (জ) পরাগলী মহাভারত কার রচনা? গ্রন্থটির সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।
(ঝ) শাক্তপদাবলীর বাৎসল্য রস সম্পর্কে যা জান লেখো।
(ঞ) ওরে নবমীনিশি! না হৈও রে অবসান।
শুনেছি দারুণ তুমি, না রাখ সতের মান।।
—পদটির রচয়িতার নাম লিখে তাৎপর্য নিরূপণ করো।

৩। নিম্নলিখিত যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর লেখো:

১০×৩ = ৩০

- (ক) চর্যাঙ্গীতির সাহিত্যমূল্য সম্পর্কে আলোচনা করো।
(খ) 'শ্রীকৃষ্ণকীর্তনকাব্য' গ্রন্থে প্রতিফলিত সমাজ সম্পর্কে আলোচনা করো।
(গ) মহাভারতের অনুবাদে কবি কাশীরাম দাসের কবি প্রতিভার পরিচয় দাও।
(ঘ) বৈষ্ণব পদাবলীর অভিসার পর্যায়ের শ্রেষ্ঠ কবির কৃতিত্ব বিচার করো।
(ঙ) শাক্ত পদাবলীর কবি রামপ্রসাদ সেনের কবি প্রতিভার পরিচয় দাও।
(চ) ষোড়শ শতাব্দীকে 'সুবর্ণযুগ' বলার কারণ সম্পর্কে আলোচনা করো।

—x—